

# বর্তমান

রাজ্য

## ঝড়ে যেন শিশু না হারায়, জেলা প্রশাসনকে সতর্ক করল শিশু কমিশন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ঘূর্ণিঝড় ফণী নিয়ে সব মহল থেকেই নানা সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হচ্ছে। বিদ্যুৎ সংস্থা থেকে শিশু কমিশন—সবারই নানা প্রস্তাব রয়েছে। যেমন রাজ্যের যে সব জেলায় ফণী আছড়ে পড়বে, সেখানে শিশু হারিয়ে যাওয়ার মতো ঘটনা যাতে না ঘটে, তার জন্য সজাগ থাকতে হবে জেলা প্রশাসনকে। এই মর্মে শুক্রবার জেলাশাসকদের চিঠি পাঠিয়েছে কমিশন। এর পাশাপাশি কমিশন এও বলেছে যে, ঝড়ে শিশু হারিয়ে গেলে বা তারপর পাচারের মতো ঘটনা যাতে না ঘটে, তার দিকে লক্ষ রাখতে হবে। এর আগে আইলার সময় এমন পরিস্থিতি তৈরি হয়েছিল। তার পুনরাবৃত্তি যাতে না হয়, তার জন্য আগে থেকেই সতর্ক করে দিল শিশু কমিশন।

এদিকে, এই ঝড়ের মধ্যে বিদ্যুৎমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের তরফেও সতর্কবার্তা দেওয়া হয়েছে। এক বিবৃতিতে বলা হয়েছে, তীব্র ঝড়ের সময় দুর্ঘটনা এড়াতে অস্থায়ীভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা হতে পারে। প্রাকৃতিক দুর্ঘটনের কারণে ভেঙে যাওয়া পোল বা ছেঁড়া তারে হাত না দেওয়াই ভালো। ক্ষতিগ্রস্ত ইলেক্ট্রিক লাইনে বিদ্যুৎকর্মীরা কাজ করতে এলে বাড়ির ইনভার্টার বন্ধ রাখার আবেদন করা হয়েছে। কারণ, ইনভার্টার চালু থাকলে ব্যাকফিড লাইনে কর্মরত কর্মীর প্রাণনাশের আশঙ্কা থাকতে পারে।

ফণীর মোকাবিলায় তৈরি সিইএসসিও। তারা এক প্রেস বিবৃতিতে বলেছে, বিদ্যুৎ সংস্থার কির্ষয় মোকাবিলা দলকে তৈরি রাখা হয়েছে। কলকাতা পুলিশের কন্ট্রোল রুম, কলকাতা পুরসভার কন্ট্রোল রুমে সিইএসসিও'র প্রতিনিধিরা থাকবেন। বিদ্যুৎ সরবরাহের উপর কড়া নজর রাখা হচ্ছে। প্রবল ঝড়ের সময়ে নিরাপত্তার খাতিরে বিদ্যুৎ সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন করা হতে পারে বলেও তাদের তরফে জানানো হয়েছে।